# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ সাজসজ্জা ও প্রসাধন

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

বৈধ খেলাধুলার সময় শর্ট প্যান্ট পরা কি বৈধ কি?

যে প্যান্টে জাং খোলা যায়, সে প্যান্ট পরাই বৈধ নয়। হাঁটু পর্যন্ত প্যান্ট পরে খেলাধুলা করা বা সাঁতার কাটা যায়। জাং খোলা খেলোয়ারের খেলা দেখাও দর্শকের জন্য বৈধ নয়।

মহানবী (সঃ) বলেন, “তুমি তোমার উরু খুলে রেখো না এবং কোন জীবিত অথবা মৃতের উরুর দিকে তাকিয়ে দেখো না।” (আবূ দাঊদ, সহীহুল জামে ৭৪৪০ নং)

অন্যত্র বলেন, “তুমি তোমার জাং ঢেকে নাও। কারণ, জাং হল লজ্জাস্থান।” (আহমাদ, আবূ দাঊদ, তিরমিযী, হাকেম ইবনে হিব্বান, সহীহুল জামে ৭৯০৬ নং)

পক্ষান্তরে কিশোরী ও যুবতীদের জন্য বৈধ নয় কোন পুরুষ (প্রশিক্ষক বা অন্য পুরুষের) সামনে অনুরূপ ব্যায়াম, শরীর-চর্চা বা খেলাধুলা করা অথবা সাঁতার কাটা বৈধ নয় এবং তা দর্শন করাও বৈধ নয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1459

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন